গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-৭, ঢাকা।
২য় ১২ তলা সরকারী ভবন
(৪র্থ তলা) সেগুনবাগিচা, ঢাকা-১০০০

নথি নং-কঃকঃকাঃ/কঃঅঃ-৭/সংপ্রঃ(নিঃকঃ)/২০১৬-২০১৭/৩০৭১ তারিখঃ ২৪/০৫/২০১৭

"নিয়োগ বিজ্ঞপ্তি"

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, শাখা-২ এর (একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত, তারিখঃ ০৬/০৪/২০১৭) পত্র নং-০৮.০০.০০০০.০৩৭.১১.০১৪.১২-৩০৫/১(৫), তারিখ ঃ ১৯/০৬/২০১৬ অনুযায়ী কর কমিশনার, কর অঞ্চল-৭, ঢাকা এর অধীনে শূন্য পদের বিপরীতে অস্থায়ী ভাবে জনবল নিয়োগের নিমিত্তে ঢাকা বিভাগের অন্তর্গত নিম্নে বর্ণিত জেলা সমূহের প্রকৃত স্থায়ী বাসিন্দাদের নিকট হতে পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ-

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী)	শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	ঢাকা সিভিল ডিভিশনের (ঢাকা বিভাগ) যে সকল জেলার বাসিন্দা/নাগরিকগণ আবেদন করতে পারবেন
১	২	৩	৪	৫
১।	কম্পিউটার অপারেটর গ্রেড-১১ ১২,৫০০-৩০,২৩০/-	১(এক) টি	(ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক বা সমমানের ডিগ্রি পরীক্ষায় উত্তীর্ণ (বিজ্ঞান বিভাগ অগ্রাধিকার)। বিভাগীয় ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর হিসাবে ২ বছর চাকরির ক্ষেত্রে শর্ত শিথিলযোগ্য। (খ) অবশ্যই অপারেটরস অ্যাপ্টিচুড টেষ্ট (Operator's Aptitude Test) এ উত্তীর্ণ হতে হবে।	ঢাকা সিভিল ডিভিশনের (ঢাকা বিভাগ) ঢাকা, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়নগঞ্জ, গোপালগঞ্জ, রাজবাড়ী, শরীয়তপুর ও টাংগাইল। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র/কন্যার পুত্র/কন্যা এবং এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় ঢাকা বিভাগের সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
২।	উচ্চমান সহকারী গ্রেড-১৪ ১০,২০০-২৪,৬৮০/-	৩ (তিন) টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটারে বেসিক ট্রেনিং কোর্সে উত্তীর্ণ (কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটারে কম্পিউটার চালনা সম্পর্কিত কোর্স)	
৩।	সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর গ্রেড-১৪ ১০,২০০-২৪,৬৮০/-	৪ (চার) টি	(ক) স্বীকৃত বোর্ড হতে এইচ,এস,সি বা সমমানের পরীক্ষায় পাস। (খ) সাঁট লিপি লিখনে গতি প্রতি মিনিটে বাংলায় ৪৫ ও ইংরেজীতে ৭০ শব্দ এবং কম্পিউটার টাইপিং গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ ও ইংরেজীতে ৩০ শব্দ। কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হবে।	
৪।	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক গ্রেড-১৬ ৯,৩০০-২২,৪৯০/-	৬ (ছয়) টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটারে বাংলা ও ইংরেজী টাইপিং গতি প্রতি মিনিটে যথাক্রমে ২০ ও ২০ শব্দ।	
৫।	গাড়ী চালক গ্রেড-১৬ ৯,৩০০-২২,৪৯০/-	৩ (তিন) টি	অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং হালকা ও ভারী যানবাহন চালনায় বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী হতে হবে। বাস্তব অভিজ্ঞতা প্রর্থীকে অগ্রাধীকার দেওয়া হবে।	
৬।	নোটিশ সার্ভার গ্রেড-২০ ৮,২৫০-২০,০১০/-	১ (এক) টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	ঢাকা সিভিল ডিভিশনের (ঢাকা বিভাগ) ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, ফরিদপুর, শরীয়তপুর, কিশোরগঞ্জ ও টাংগাইল। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র/কন্যার পুত্র/কন্যা এবং এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় ঢাকা বিভাগের সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
৭।	অফিস সহায়ক গ্রেড-২০ ৮,২৫০-২০,০১০/-	৫ (পাঁচ) টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	
৮।	নিরাপত্তা প্রহরী গ্রেড-২০ ৮,২৫০-২০,০১০/-	৯ (নয়) টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	

নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে ঃ

০১। ০১ মে ২০১৭ খ্রিঃ তারিখে সাধারণ প্রার্থী, উপজাতি এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যাদের পুত্র/কন্যার ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

০৩। সকল প্রার্থীকে অনলাইনে http://taxeszone7.teletalk.com.bd ওয়েবসাইটের মাধ্যমে আগামী ১৪ জুন ২০১৭ তারিখ সন্ধ্যা ৬.০০ টার মধ্যে আবেদন করতে হবে। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন। টাকা জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র গৃহীত হবে না। একবার এসএমএস করে আবেদন ফি জমা দিলে তা প্রত্যাহার করা যাবে না।

০৪। ১-৫ নম্বর ক্রমিকের পদের জন্য ১০০/-(এক শত) টাকা এবং ৬-৮ নম্বর ক্রমিকের পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা জমা দিতে হবে। বিস্তারিত নিয়ামাবলিসহ বিজ্ঞপ্তি http://taxeszone7.teletalk.com.bd এবং www.taxeszone7.gov.bd তে পাওয়া যাবে।

০৫। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া, জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র হিসাবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ এবং আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে সে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি এবং চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র দাখিল করতে হবে।

০৬। যে কোন তথ্য ও কারিগরি সহযোগিতার জন্য Teletalk Customer Care এ যোগাযোগ অথবা Teletalk মোবাইল থেকে ১২১ এ ফোন করা যেতে পারে।

০৭। নিয়োগে সরকারের প্রচলিত বিধি-বিধান ও কোটানীতি অনুসরণ করা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

০৮। কর্তৃপক্ষ বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ মহিদুল ইসলাম চৌধুরী)
উপ কর কমিশনার
সদর দপ্তর (প্রয়োগিক)
কর অঞ্চল-৭, ঢাকা
এবং
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
কর অঞ্চল-৭, ঢাকা।